



আগামী নির্বাচনে ১৫০ আসন এনসিপির দখলে যাবে: নাসিরুদ্দিন পাটোয়ারী



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দিন পাটোয়ারী বলেছেন, আসন্ন নির্বাচনে এনসিপি ১৫০ আসনে জয়লাভ করবে। তিনি জোর দিয়ে বলেন, শাপলাকে দলীয় প্রতীক হিসেবে দিতে হবে—এই বিষয়ে কোনো ছাড় নেই।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দিন পাটোয়ারী দাবি করেছেন, আসন্ন জাতীয় নির্বাচনে এনসিপি অন্তত ১৫০ আসনে বিজয় নিশ্চিত করবে। সোমবার (২২ সেপ্টেম্বর) প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে বৈঠক শেষে সংবাদ ব্রিফিংয়ে তিনি সাংবাদিকদের সামনে এ বক্তব্য দেন।

পাটোয়ারী বলেন, “শাপলা প্রতীক আমাদের অধিকার। সাদা বা লাল শাপলা—যেকোনো একটি অবশ্যই দিতে হবে। শাপলা ছাড়া অন্য প্রতীক আমরা গ্রহণ করব না। প্রয়োজনে কৌশল অবলম্বন করে শাপলাকে আদায় করতে জানি।”

তিনি আরও জানান, বিএনপি বা ধর্মভিত্তিক ব্লকের বাইরে এনসিপির নেতৃত্বে একটি নতুন রাজনৈতিক ব্লক গঠিত হবে। গত ১৫ বছরে আন্দোলন বা নতুন দল হিসেবে যত ব্যানার এসেছে, সেগুলো একীভূত হয়ে এনসিপির নাম ও প্রতীকেই থেকে যাবে।

নাসিরুদ্দিন পাটোয়ারী বলেন, আগামীর সংগ্রাম হবে ব্যালটের মাধ্যমে। সেই নির্বাচনে আওয়ামী লীগ কিংবা জাতীয় পার্টির নাম থাকবে না। এটি হবে দুর্নীতি ও চাঁদাবাজির বিরুদ্ধে গণআন্দোলনের নির্বাচন।

এর আগে ৩ আগস্ট এনসিপি নির্বাচন কমিশনে প্রতীক সংশোধনের আবেদন করে। প্রথমে শাপলার পাশাপাশি কলম ও মোবাইল ফোন প্রতীক চাইলেও পরে সংশোধন এনে সাদা শাপলা ও লাল শাপলাকে চূড়ান্ত দাবি জানানো হয়। তবে শাপলা জাতীয় প্রতীক হওয়ায় কমিশনের তালিকায় রাখা হয়নি।